

Official Spokesperson's response to media queries on the the issuance of a Joint Declaration between the Afghan and US Governments in Kabul and signing of the US-Taliban Agreement in Doha

February 29, 2020

কাবুলে আফগান এবং যুক্তরাষ্ট্রের যৌথ বিবৃতি পেশ এবং দোহাতে যুক্তরাষ্ট্র-তালিবান চুক্তির উপরে সংবাদ মাধ্যমের জিজ্ঞাসার উত্তরে সরকারি মুখপত্রের প্রতিক্রিয়া

ফেব্রুয়ারি 29, 2020

কাবুলে আফগান এবং যুক্তরাষ্ট্রের যৌথ বিবৃতি পেশ এবং দোহাতে যুক্তরাষ্ট্র-তালিবান চুক্তির উপরে সংবাদ মাধ্যমের জিজ্ঞাসার উত্তরে সরকারি মুখপত্র শ্রী রবীশ কুমার বলেছেনঃ

“ ভারতের ধারাবাহিক নীতি হল আফগানিস্তানে শান্তি, সুরক্ষা এবং স্থিরতা আনার সকল রকমের সুযোগ গ্রহণ করাকে সমর্থন করা। হিংসা সমাপ্ত করে , আন্তর্জাতিক আতংকবাদের সাথে সম্পর্ক ছেদ করে এবং আফগান নেতৃত্ব, আফগান অধিকৃত এবং আফগান নিয়ন্ত্রিত প্রক্রিয়ার মাধ্যমে স্থায়ী রাজনৈতিক মীমাংসাকে ভারত সমর্থন করে।

আমরা লক্ষ্য করেছি যে, সরকার, গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা এবং সুশীল সমাজ সহ আফগানিস্তানের সামগ্রিক রাজনীতি, এই সুযোগকে স্বাগত জানিয়েছে এবং তাদের আশা যে এই চুক্তি শান্তি এবং স্থিরতা আনয়ন করবে।

গায়ে লাগোয়া প্রতিবেশী হিসেবে, ভারত আফগানিস্তানের সরকার এবং জনগণকে শান্তিপূর্ণ, গণতান্ত্রিক এবং সমৃদ্ধশালী ভবিষ্যতের উচ্চাকাঙ্ক্ষাকে বাস্তবায়িত করার জন্য সমর্থন জুগিয়ে যাবে, যেখানে আফগানিস্তান সমাজের সর্বস্তরের মানুষের স্বার্থ সুরক্ষিত থাকবে”।

নিউ দিল্লী

ফেব্রুয়ারি 29, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.